অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/17/2021 **গভর্নর ক্যাথি হোকল**

180 মিলিয়ন ডলারের ETEC গবেষণা ও শিল্পোদ্যোগ কমপ্লেক্স উন্মোচন করেছেন গভর্নর হোকল

হ্যারিম্যান স্টেট অফিস ক্যাম্পাসের এই সর্বাধুনিক ফ্যাসিলিটিতে ল্যাব, ক্লাসরুম এবং জলবায়ু বিজ্ঞান, দুর্যোগের প্রস্তুতি ও সাইবার নিরাপত্তা বিষয়ে UAlbany-র স্বকীয় গবেষণা শক্তির সাথে সঙ্গতিপূর্ণ একটি বিজনেস ইনকিউবেটর অন্তর্ভুক্ত রয়েছে

ছবি পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজ, আলবানিতে অবস্থিত স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (State University of New York)-এর সাথে সম্মিলিতভাবে এটির সর্বাধুনিক নতুন ETEC গবেষণা ও উন্নয়ন কমপ্লেক্স উন্মোচন করেছেন যা সমাজের সবচেয়ে জটিল সমস্যাগুলোর সমাধান খুঁজে বের করতে বিভিন্ন খাতের বিজ্ঞানী ও উদ্যোক্তাদের একসঙ্গে নিয়ে আসার জন্য নকশা করা হয়েছে।

"ETEC চালু হওয়ার মধ্য দিয়ে জ্বালানি দক্ষতার সাথে উচ্চ মানের প্রযুক্তির মিলন ঘটছে - এবং এটি নিউ ইয়র্ক স্টেটকে বিখ্যাত করতে থাকবে," **বলেছেন গভর্নর হোকল।** "জলবায়ু ও শিক্ষা হলো আমার প্রশাসনের দুইটি শীর্ষ অগ্রাধিকার এবং পরিবেশের উপর SUNY-র প্রভাব ন্যূনতম পর্যায়ে রাখা এবং আজীবনের জন্য শিক্ষা নিশ্চিত করার পাশাপাশি অধিকতর নির্মল, আরো সবুজ একটি ভবিষ্যত নির্মাণের জন্য SUNY যেসব পদক্ষেপ গ্রহণ করছে সেগুলো নিয়ে আমি গর্বিত।"

180 মিলিয়ন ডলারের এই ফ্যাসিলিটি জলবায়ু বিজ্ঞান, জরুরি অবস্থার জন্য প্রস্তুতি ও সাইবার নিরাপত্তাসহ বিশ্ববিদ্যালয়ের বেশ কিছু স্বকীয় গবেষণা শক্তির কেন্দ্রস্থল। গবেষণা, বৃত্তি, ফলিত শিক্ষা ও বাণিজ্যিক উন্নয়নের একটি হাব হিসেবে ETEC-কে শিক্ষার্থী, ফ্যাকাল্টি ও উদ্যোক্তাদের মধ্যে আন্তঃখাতভিত্তিক সহযোগিতা লালনের উদ্দেশ্যে নকশা করা হয়েছে যাতে আরো বেশি শক্তিশালী ও অর্থনৈতিকভাবে প্রাণবন্ত নিউ ইয়র্ক গড়ে তোলার জন্য নতুন জ্ঞানকে উদ্ভাবনমূলক সমাধানে রূপান্তর করা যায়।

246,000 বর্গফুট জায়গা নিয়ে ETEC UAlbany-র বৃহত্তম ও সবচেয়ে বেশি জ্বালানি দক্ষতাসম্পন্ন ভবনগুলোর মধ্যে একটি এবং এটি স্থায়িত্বের প্রতি SUNY-র অঙ্গীকারের ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য মাইলফলক। 190টি জিওথার্মাল কূপ দিয়ে গরম ও ঠাণ্ডা হওয়া এবং UAlbany-র

আপটাউন ক্যাম্পাসে প্রায় 4,800 সোলার প্যানেল দিয়ে আংশিকভাবে বিদ্যুতের চাহিদা মেটানো ETEC একটি সর্ব-বৈদ্যুতিক ফ্যাসিলিটি যা LEED প্লাটিনাম সনদ অর্জনের জন্য নির্মিত হয়েছিল এবং একই ধরনের বেসলাইন ভবনের তুলনায় বার্ষিক জ্বালানি খরচ 70 শতাংশ পর্যন্ত কম হবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

ETEC-এর উচ্চ রেজোল্যুশনের ছবি এই UAlbany ফটো গ্যালারিতে পাওয়া যাবে।

বুধবারের এই উন্মোচন ছিল 2012 সালে NYSUNY 2020 চ্যালেঞ্জ অনুদান কর্মসূচির অধীনে UAlbany-র মার্কি প্রকল্প হিসেবে শুরু হওয়া একটি ভিশনের চূড়ান্ত রূপ। 35 মিলিয়ন ডলারের NYSUNY 2020 তহবিলের সহায়তায়, ভবনটিকে নিকটস্থ হ্যারিম্যান স্টেট অফিস ক্যাম্পাসে স্থাপন করার জন্য UAlbany-র নিউ ইয়র্ক স্টেটের সাথে অংশীদার হওয়ার ফলে ETEC ভিশনটি আরো বড় আকারের ও আরো বেশি উচ্চাকাঙ্ক্ষী রূপ নিয়েছিল। মূলনাম উদীয়মান প্রযুক্তি ও উদ্যোক্তা কমপ্লেক্স (Emerging Technology and Entrepreneurship Complex) হলেও এই ফ্যাসিলিটি এখন শুধু ETEC নামে পরিচিত।

UAlbany-তে গবেষণার একটি নতুন যুগ

SUNY চ্যান্সেলর জিম মালাট্রাস বলেন, "ETEC গবেষণা ও শিল্পোদ্যোগ কমপ্লেক্স চালু হওয়াটা জনগণের জন্য উচ্চ শিক্ষা খাতে স্টেটের বিনিয়োগ কিভাবে আমাদের শিক্ষার্থীদের জন্য সর্বোচ্চ মানের ও সর্বাধুনিক শিক্ষা প্রদানের বাস্তব ও ব্যাপক ফলাফল নিয়ে আসতে পারে তা দেখিয়ে দিয়েছে। গভর্নর হোকল, স্টেটের আইন প্রণয়নকারী নেতৃবৃন্দ, ও স্থানীয় নেতৃবৃন্দদের আমি ধন্যবাদ জানাই, যারা SUNY-র প্রতি এবং বিশ্বের বৃহত্তম পরিবেশ সংক্রান্ত চ্যালেঞ্জের অনেকগুলো SUNY-র এক ছাদের নিচে সমাধান করার জন্য এই ফ্যাসিলিটির একটি বিস্তৃত পরিসরের শিক্ষার্থী, শিক্ষক, শিল্পখাতের নেতৃত্বস্থানীয় ব্যক্তি ও উদ্যোক্তাদের একত্রিত করার ভিশনের প্রতি আস্থা রেখেছেন। আমাদের শিক্ষার্থী ও ফ্যাকাল্টি, এবং ভবিষ্যত প্রজন্মের ব্যাপারে আমি উচ্ছসিত যারা এই চমৎকার ভবনটিতে শিক্ষা গ্রহণ করবে এবং তাদের শিক্ষা ও গবেষণাকে এক নতুন উচ্চতায় নিয়ে যাবে।"

আলবানি বিশ্ববিদ্যালয়ের (University at Albany) প্রেসিডেন্ট হ্যাভিনডান রডরিগেজ বলেন, "ETEC চালু হওয়াটা সত্যিকার অর্থেই UAlbany-র ইতিহাসে একটি মাইলফলক। এই যুগান্তকারী ফ্যাসিলিটি শুধু বিশ্ববিদ্যালয়ের জাতীয়ভাবে নেতৃস্থানীয় একাডেমিক ও গবেষণা সম্পদকে কাজে লাগায় না — বরং সেইসাথে এটি মানবজাতি ও এই গ্রহের সম্মুখীন হওয়া বৃহত্তম চ্যালেঞ্জগুলো মোকাবেলায় আমাদের অঙ্গীকারেরও প্রতিনিধিত্ব করে। ETEC-এর মাধ্যমে, আমরা উচ্চ-প্রভাবসম্পন্ন সহযোগিতার একটি নতুন যুগে প্রবেশ করছি যা আমাদের কমিউনিটিগুলোর জন্য এবং বিশ্বের জন্য একটি উন্নত ভবিষ্যত তৈরি করতে শিক্ষার্থীদের, গবেষকদের, এবং সরকারি ও বেসরকারি খাতের অংশীদারদের একত্রিত করবে।"

ETEC হলো UAlbany-তে দেশের প্রথম জরুরি অবস্থার প্রস্তুতি, হোমল্যান্ড সিকিউরিটি ও সাইবার নিরাপত্তা সম্পর্কিত কলেজ (College of Emergency Preparedness, Homeland Security and Cybersecurity); কলেজ অব ইঞ্জিনিয়ারিং এন্ড অ্যাপ্লায়েড সায়েন্স (College of

Engineering and Applied Sciences)-এর এনভায়রনমেন্টাল এন্ড সাসটেইনেবল ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং ইলেক্ট্রিকাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিভাগ; UAlbany-র সম্প্রসারণশীল আবহাওয়া-জলবায়ু এন্টারপ্রাইজ, যেমন বিশ্ব-বিখ্যাত অ্যাটমস্ফেরিক সায়েন্সেস রিসার্চ সেন্টার (Atmospheric Sciences Research Center) ও সেন্টার অব এক্সিলেন্স ইন ওয়েদার এন্ড ক্লাইমেট অ্যানালিটিক্স (Center of Excellence in Weather & Climate Analytics); এবং কলেজ অব আর্টস এন্ড সায়েন্স (College of Arts and Sciences)-এর ডিপার্টমেন্ট অব অ্যাটমস্ফেরিক এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস এর পাশাপাশি রসায়ন বিভাগের গবেষণা ল্যাবগুলোর ঠিকানা।

এছাড়াও এই ভবনটি UAlbany পরিচালিত নিউ ইয়র্ক স্টেট মেসোনেট, যা দেশের সর্বাধুনিক স্টেটব্যাপী আগাম সতর্কতা প্রদানের আবহাওয়া-শনাক্তকারী সিস্টেম, এবং জাতীয় আবহাওয়া পরিষেবা (National Weather Service)-এর আঞ্চলিক পূর্বাভাষ দপ্তরের মতো গুরুত্বপূর্ণ অংশীদারদের ঠিকানা।

জাতীয় আবহাওয়া পরিষেবার ডিরেক্টর লুইস ডব্লিউ. উসসেলিনি বলেন, "জাতীয় আবহাওয়া পরিষেবা আলবানি বিশ্ববিদ্যালয়ের সাথে আমাদের কয়েক দশকব্যাপী অংশীদারিত্বের ব্যাপারে গর্বিত। আমরা এই নতুন ফ্যাসিলিটির সক্ষমতা কাজে লাগিয়ে সহযোগিতা বর্ধিতকরণ এবং আন্তঃখাতভিত্তিক দলগত কাজের সুযোগ গভীরতর করার প্রত্যাশা রাখি, যেটি চরম বিরূপ আবহাওয়া ও বন্যার ঘটনা সম্পর্কে স্থানীয় পূর্বাভাষ ও সতর্কতা উন্নত করবে এবং কমিউনিটির প্রস্তুতি, সাড়াদান ও মোকাবেলার জন্য প্রভাব-ভিত্তিক সিদ্ধান্ত-সহায়ক পরিষেবা প্রদান উন্নত করবে।"

গবেষকদের সাথে উদ্যোক্তাদের দলভুক্ত করার মাধ্যমে অর্থনৈতিক সমৃদ্ধির বীজ বপন

ফ্যাকাল্টির গবেষণায় সহায়তা করে এবং অর্থনৈতিক সমৃদ্ধিকে চালিত করে এমন ব্যবসায়িক উন্নয়ন পরিষেবাগুলো ETEC ভিশনের কেন্দ্রবিন্দুতে রয়েছে। ক্ষুদ্র ব্যবসা উন্নয়ন কেন্দ্র (Small Business Development Center) এবং বাণিজ্যিকীকরণ ও প্রযুক্তি স্থানান্তর দপ্তরগুলোর পাশাপাশি ট্রু-ওয়েদার সল্যুশন্স (TruWeather Solutions)-এর মতো অংশীদাররা সহ UAlbany ইনোভেশন সেন্টার ইনকিউবেটর (UAlbany Innovation Center incubator) প্রথম তলার কিছু অংশ দখল করে আছে। অধিবাসী দুইটি উদ্যোক্তা ফ্যাকাল্টি, গবেষক ও স্বতন্ত্র উদ্যোক্তাদেরকে তাদের আবিষ্কারগুলোকে বাজারে নিয়ে আসার প্রারম্ভিক গুরুত্বপূর্ণ ধাপগুলোতে নির্দেশনা দিয়ে সাহায্য করবে।

রাজধানী অঞ্চলের চেম্বার ও অর্থনৈতিক উন্নয়ন কেন্দ্রের প্রেসিডেন্ট মার্ক ইয়েগান বলেন, "ETEC-এর মতো ফ্যাসিলিটিগুলো সর্বাধুনিক গবেষণা ও উন্নয়ন পরিচালনা করে, আমাদের উদ্যোক্তাদের সহায়তা করে, এবং টেক স্টার্টআপগুলোকে বাণিজ্যিকীকরণ থেকে অর্থনৈতিক সমৃদ্ধির পথে নির্দেশনা প্রদান করে। রাজধানী অঞ্চল দৃঢ় অর্থনৈতিক প্রভাবসম্পন্ন টেক ক্লাস্টার তৈরি করতে আমাদের বিশ্ববিদ্যালয়গুলোর গবেষণার ক্ষমতাকে কাজে লাগাতে সফল হয়েছে, এবং আমি ইউনিভার্সিটি অব আলবানিকে সঙ্গে নিয়ে সাইবার নিরাপত্তা, বায়ুমণ্ডলীয় বিজ্ঞান এবং পরিবেশগত ও টেকসই প্রকৌশল খাতে তা ঘটতে দেখছি।"

এছাড়াও ETEC এমন একটি সুবিধাকে কাজে লাগায় যা অন্য কোনো পাবলিক গবেষণা বিশ্ববিদ্যালয় পারবে না: UAlbany-এর নিউ ইয়র্ক স্টেট সরকারের নিয়ন্ত্রণ কেন্দ্রের কাছাকাছি অবস্থান। হ্যারিম্যান স্টেট অফিস ক্যাম্পাসে অবস্থিত হওয়ার সুবাদে, ETEC শিক্ষার্থী, ফ্যাকাল্টি ও কর্মীদেরকে তাদের গবেষণার ক্ষেত্রগুলোর সাথে প্রাসঙ্গিক নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নকারী সামনের সারির সরকারি সংস্থাগুলোর দোরগোড়ায় এনে দিচ্ছে। এছাড়াও এই কাছাকাছি অবস্থান UAlbany-র শিক্ষার্থীদের জন্য নজিরবিহীন ফলিত শিক্ষা অর্জনের সুযোগ প্রদান করে।

ETEC-এর অভ্যন্তরে বৈশিষ্ট্যপূর্ণ জায়গাগুলোর মধ্যে ফ্যাকাল্টি ও শিক্ষার্থীদের বাস্তব-জগতের জরুরি সাড়াদানের পরিস্থিতির প্রতিরূপ তৈরি করার সুযোগ দিতে একটি ডিসিশন থিয়েটার, রোবট ও ড্রোন নির্মাণের জন্য একটি মেকার ল্যাব, জটিল ডাটা ভিজুয়ালাইজেশন ও বিশ্লেষণের জন্য একটি উচ্চ-ক্ষমতাসম্পন্ন xCITE ল্যাব কম্পিউটিং সেন্টার, বিশ্বব্যাপী ঘূর্ণিঝড় ও অন্যান্য আবহাওয়ার অবস্থা ট্র্যাক করার জন্য প্রায় ছয় ফুট ব্যাসের একটি গ্লোব, আসন্ন ঝড় তদারকির জন্য পঞ্চম তলায় কাঁচ দিয়ে ঘেরা একটি পর্যবেক্ষণ কক্ষ, এবং ওয়েদার বেলুন উড়ানো ও অন্যান্য পরীক্ষার জন্য ছাদের উপর একটি সরঞ্জামপূর্ণ ডেক অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়াও এই ভবনে শিক্ষাদান, গবেষণা ও বৃষ্টির পানি নিয়ন্ত্রণের উদ্দেশ্যে একটি অংশে সবুজ ছাদ রয়েছে।

নিউ ইয়র্ক স্টেট জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) ETEC-কে 750,000 ডলার প্রণোদনা দিয়ে সহায়তা করেছে।

UAlbany ও হ্যারিম্যান ক্যাম্পাসগুলোর মধ্যে অর্থপূর্ণ সংযোগ তৈরি

শিক্ষার্থী, ফ্যাকাল্টি ও কর্মীদের ক্যাম্পাসে হাঁটাহাঁটি করতে বা সাইকেল চালাতে উৎসাহিত করতে একটি নতুন শেয়ার করে ব্যবহারের পথ ETEC ও হ্যারিম্যান ক্যাম্পাসকে UAlbany-র অবশিষ্ট আপটাউন ক্যাম্পাসগুলোর সাথে সংযুক্ত করেছে, যা একজনের চলাচলের জন্য ব্যবহৃত গাড়িগুলোর দ্বারা জ্যাম তৈরি হওয়া ও নির্গমন কমাবে। CDTA-এর নতুন পার্পল লাইন বাস দ্রুত পরিবহন সেবার জন্য পথ তৈরি করে দেয়ার উদ্দেশ্যে নিউ ইয়র্ক স্টেটের অফিস অব জেনারেল সার্ভিসেস (Office of General Services, OGS) এবং ক্যাপিটাল ডিস্ট্রিক্টের পরিবহন কর্তৃপক্ষের (Capital District Transportation Authority) সাথে একসঙ্গে কাজ করে UAlbany দুইটি ক্যাম্পাসের মধ্যে একটি নতুন রাস্তা নির্মাণ করেছে, যা UAlbany-র ডাউনটাউন ও আপটাউন ক্যাম্পাসের মধ্যে ভ্রমণের সময় নাটকীয়ভাবে কমিয়ে আনবে। এই নতুন সংযোগকারী রাস্তা ব্যক্তিগত যানবাহনের জন্য উন্মুক্ত নয়।

ক্যানন ডিজাইন আর্কিটেকচার এন্ড ইঞ্জিনিয়ারিং (CannonDesign Architecture and Engineering) ETEC-এর নকশা করেছে এবং টার্নার কনস্ট্রাকশন কোম্পানি (Turner Construction Company) ও স্টেট ইউনিভার্সিটি কনস্ট্রাকশন ফান্ড (State University Construction Fund)-এর ব্যবস্থাপনার অধীনে কনসিগলি কনস্ট্রাকশন কো. ইনক. (Consigli Construction Co., Inc.) এটির নির্মাণকাজ সম্পন্ন করেছে। UAlbany 2018 সালের এপ্রিল মাসে

এই প্রকল্পের নির্মাণকাজ শুরু করে, এবং 2021 সালের জুলাই মাসে ভবনটির নির্মাণকাজ উল্লেখযোগ্য পরিমাণে সম্পন্ন হয়ে যায় — যা কোভিড-19 মহামারী সত্ত্বেও যথাসময়ে ও বাজেটের মধ্যে সম্পন্ন হয়।

NYSERDA-এর প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন, "আলবানি বিশ্ববিদ্যালয়ের ETEC কমপ্লেক্স এটির জিওথার্মাল প্রযুক্তি, নির্মল, নবায়নযোগ্য সৌর শক্তি ব্যবহার এবং আমাদের সময়ের সবচেয়ে চাপ সৃষ্টিকারী বৈশ্বিক উদ্বেগসমূহ — যেমন জলবায়ু পরিবর্তনের সমাধান লালন করার জন্য অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালনকারী শিক্ষা, গবেষণা, উন্নয়ন ও সহযোগিতা এগিয়ে নেয়ার মধ্য দিয়ে টেকসই ও জ্বালানি দক্ষতার একটি আদর্শ হিসেবে নেতৃত্ব দিয়ে চলেছে। এটি নিউ ইয়র্ক স্টেটের উদ্ভাবনের স্পৃহা এবং আমাদের ক্রমবর্ধমান সবুজ অর্থনীতির অংশ হিসেবে ব্যবসার উন্নয়নে সহায়তা করার অঙ্গীকারকে বাস্তবে রূপদান করছে ও এই প্রকল্পকে সহায়তা করতে পেরে NYSERDA গর্বিত।"

নিউ ইয়র্ক স্টেটের হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Homeland Security and Emergency Services)-এর **ভারপ্রাপ্ত কমিশনার জ্যাকি ব্রে বলেন,** "ETEC উন্মোচন উপলক্ষ্যে আমি বিশ্ববিদ্যালয়কে অভিনন্দন জানাই। গত কয়েক বছরে অত্যন্ত রূঢ়ভাবে স্পষ্ট হয়ে গেছে যে, আমাদের শুধু জলবায়ু পরিবর্তন, চরম বিরূপ আবহাওয়া, ও জরুরি অবস্থার প্রস্তুতি সম্পর্কিত গবেষণা ও উন্নয়নে সহায়তার জন্যই নয়, বরং সেইসাথে রিয়েল টাইম কার্যপরিচালনার ক্ষেত্রে নতুন সেরা গবেষণাকে দ্রুত কাজে লাগানোর জন্য সরকারি, বেসরকারি খাত, ও শিক্ষাবিদদেরকে একত্রিত করবে এমন সহযোগিতামূলক কার্যক্রমের জরুরি প্রয়োজন রয়েছে। এই সেন্টার উন্নয়নে সহায়তা করতে পেরে DHSES গর্বিত এবং ভবিষ্যতে সম্পাদিত কাজগুলোকে সব নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখতে কাজে লাগানোর প্রত্যাশা রাখে।"

অফিস অব জেনারেল সার্ভিসেস-এর ভারপ্রাপ্ত কমিশনার জেনেট ময় বলেন, "স্টেটের সংস্থাগুলো সংস্থান শেয়ার করলে এবং সহযোগী হয়ে কাজ করলে কত চমৎকার কিছু অর্জন করা সম্ভব তারই একটি দৃষ্টান্ত হয়ে দাঁড়িয়ে আছে ETEC কমপ্লেক্স। OGS-এ আরো বেশি টেকসই ও স্থিতিশীল নিউ ইয়র্ক স্টেট নির্মাণে আমাদের ভূমিকা নিয়ে আমরা গর্বিত এবং উভয় ক্যাম্পাসে আমাদের দেখা বহু সফলতার সঙ্গে এই প্রকল্পটি যোগ করতে পেরে আমরা আনন্দিত।"

সিনেটর নিল ব্রেসলিন বলেন, "আমি আনন্দিত যে ETEC ভবনটি অবশেষে সম্পন্ন হয়েছে। যখন আমি এই গ্রীষ্মের শুরুতে ভবনটি ঘুরে দেখছিলাম, পরিবেশগত স্থায়িত্বের প্রতি অঙ্গীকার এবং এর অভ্যন্তরে অবস্থিত কর্মসূচিগুলোর গভীরতা দেখে আমি অভিভূত হয়েছি। এই সর্বাধুনিক ভবনটি এবং এখানে আয়োজন করা কর্মসূচিগুলো আরো বেশি সংখ্যক সেরা মেধাবীদের শিক্ষা অর্জন ও কর্মসংস্থানের জন্য আলবানিতে আসতে অনুপ্রাণিত করবে। আলবানি বিশ্ববিদ্যালয়কে এবং এই প্রকল্প সফল করার ক্ষেত্রে যারা ভূমিকা রেখেছেন সেসব স্টেকহোল্ডারদের সবাইকে অভিনন্দন।"

সিনেটর মিশেল হিনচি বলেন, "আমাদের নিজেদের আলবানি বিশ্ববিদ্যালয় জলবায়ু বিজ্ঞান, জরুরি অবস্থার প্রস্তুতি ও সাইবার নিরাপত্তার মতো অতি গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলোতে এটির সর্বাধুনিক গবেষণা দক্ষতাকে সম্প্রসারণ করতে দেখা অসাধারণ উদ্দীপনাপূর্ণ একটি ব্যাপার। জলবায়ু সংকট খারাপের দিকে যাওয়ার সাথে সাথে, নিউ ইয়র্ককে অবশ্যই ETEC-এর মতো বিশ্ব-মানের ফ্যাসিলিটিগুলোর ঠিকানা হয়ে উঠতে হবে, যা দীর্ঘমেয়াদী সমাধানের দিকে নিয়ে যাওয়া জ্ঞান ও প্রযুক্তিগত উদ্ভাবন তৈরিতে আমাদের শীর্ষ একাডেমিক মেধা ও ব্যবসায়িক নেতৃবৃন্দকে এক জায়গায় নিয়ে আসবে। ETEC পরিবেশগত বিশ্লেষণ ও জরুরি অবস্থার প্রস্তুতির ক্ষেত্রে রাজধানী অঞ্চলকে বৈশ্বিক পর্যায়ে নেতৃত্বের স্থানে অধিষ্ঠিত করার জন্য নিবেদিত ফ্যাসিলিটিগুলোর একটি উজ্জ্বল দৃষ্টান্ত, যা একইসাথে আমাদের স্টেটব্যাপী স্মার্ট উন্নয়ন সম্পর্কে অবহিতকারী জ্বালানি দক্ষতাসম্পন্ন ভবনের আদর্শ নমুনা হিসেবে ভূমিকা রাখছে। এই যুগান্তকারী কমপ্লেক্স থেকে বের হয়ে আসা অসাধারণ কাজগুলো দেখার জন্য আমি অত্যন্ত আগ্রহের সাথে অপেক্ষা করছি এবং এটির গুরুত্বপূর্ণ মিশনে সহায়তার জন্য আমি আমার সাধ্যমতো সবকিছু করা অব্যাহত রাখবো।"

অ্যাসেম্বলি সদস্য প্যাট্রিশিয়া ফ্যাহি বলেন, "SUNY ও UAlbany 21 শতকের জলবায়ু, চরম বিরূপ আবহাওয়া, ও জরুরি অবস্থার প্রস্তুতি ও সাড়াদানের ক্ষেত্রে রাজধানী অঞ্চল ও নিউ ইয়র্কের জন্য সামনে এগিয়ে যাওয়ার পথ তৈরি করা অব্যাহত রেখেছে। এই নতুন ETEC কমপ্লেক্স শুধু নিউ ইয়র্ক স্টেট মেসোনেট, অ্যাটমস্ফেরিক সায়েন্সেস রিসার্চ সেন্টার, ও আঞ্চলিক জাতীয় আবহাওয়া পরিষেবা ইউনিটেরই ঠিকানা হবে না, বরং এখানে কয়েকটি কলেজও থাকবে যেগুলো শিক্ষার্থীদের হাতে-কলমে প্রশিক্ষণ ও গবেষণা অভিজ্ঞতা অর্জনের সক্ষমতা প্রদান করবে। এটি জলবায়ু ও আবহাওয়া গবেষণার ক্ষেত্রে রাজধানী অঞ্চল ও UAlbany-র নেতৃস্থানীয় অবস্থানকে দৃঢ় করবে এবং UAlbany-র আপটাউন ক্যাম্পাসে ও তার আশেপাশে গবেষণা ও একাডেমিক-নির্ভর উন্নয়নের একটি ক্রমবর্ধমান কমপ্লেক্সের সাথে যোগ হবে। আমাদের শক্তিশালী অংশীদারিত্বের ফলে রাজধানী অঞ্চল ও UAlbany-র ভবিষ্যত উজ্জ্বল হয়েছে, যে অংশীদারিত্ব ঠিক এই প্রকল্পটির মতোই ব্যাপকভাবে উপকৃত করতে থাকবে।"

অ্যাসেম্বলি সদস্য জন টি. ম্যাকডোনাল্ড III বলেন, "ETEC গবেষণা ও উন্নয়ন কমপ্লেক্স উদ্বোধনের জন্য UAlbany-কে অভিনন্দন। এই রাজধানী অঞ্চল প্রযুক্তি ও উদ্ভাবনের সম্মুখভাবে থাকা শিল্পগুলোর ঠিকানা, এবং এই নতুন সেন্টার স্থায়িত্ব, ক্ষুদ্র ব্যবসাগুলোর উন্নয়ন, এবং আমাদের অঞ্চলে লভ্য শক্তি ও সংস্থানগুলোর সাথে সংযোজিত হবে এমন অন্যান্য গবেষণা ক্ষেত্রগুলোর উপর মনোযোগ দিবে। এসব উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য এগিয়ে নিতে UAlbany একটি কমিউনিটি অংশীদারিত্ব গঠন করছে এবং স্টেট অংশীদারদের সাথে কাজ করা অব্যাহত রেখেছে, এবং আমি তাদের কাজের প্রশংসা করি ও ETEC থেকে আসা সব ইতিবাচক উন্নয়ন দেখার প্রত্যাশা রাখি।"

আলবানি কাউন্টির এক্সিকিউটিভ ড্যানিয়েল পি. ম্যাককয় বলেন, "প্রাণ বিজ্ঞান ও উচ্চ মানের প্রযুক্তি এই দুইটি হলো রাজধানী অঞ্চলের নেতৃস্থানীয় শিল্প, এবং একটি স্থানীয় ও বৈশ্বিক কমিউনিটি হিসেবে আমাদের সম্মুখীন হওয়া সর্ববৃহৎ কিছু চ্যালেঞ্জ মোকাবেলার উদ্দেশ্যে আলবানি বিশ্ববিদ্যালয়ের এই নতুন ফ্যাসিলিটি জলবায়ু বিজ্ঞান ও জরুরি অবস্থার প্রস্তুতি বিষয়ে

তাদের নিজেদের সামর্থ্যের পাশাপাশি সেই ভিত্তিকে কাজে লাগাচ্ছে। জলবায়ু পরিবর্তন এখন আর কোনো অস্পষ্ট ধারণা নয় এবং চরম বিরূপ আবহাওয়ার ক্রমবর্ধমান ধ্বংসাত্মক প্রভাবের জন্য আমাদেরকে প্রস্তুত থাকতে হবে। আমাদের নিজেদের জলবায়ু মোকাবেলা পরিকল্পনা প্রণয়ন এবং ভবিষ্যতের জন্য প্রস্তুতি নেয়ার এই সময়ে আলবানি কাউন্টির সাথে অংশীদার হওয়ায় আমি UAlbany এবং প্রেসিডেন্ট রডরিগেজকে ধন্যবাদ জানাতে চাই।"

আলবানির মেয়র ক্যাথি শিহান বলেন, "শিক্ষা, গবেষণা ও প্রযুক্তি খাতে আলবানির নেতৃত্ব দেয়া অব্যাহত রাখার এই সময়ে এই সর্বাধুনিক ফ্যাসিলিটির উদ্বোধন UAlbany ও SUNY-এর নেতৃত্বের অঙ্গীকারের প্রমাণ। ETEC হলো একটি সহযোগিতাপূর্ণ জায়গা যা শিক্ষার্থী, গবেষক, এবং সরকারি ও বেসরকারি খাতের অংশীদারদের একাধিক খাতে জ্ঞান ও উদ্ভাবন উন্নয়নের সাধারণ লক্ষ্য অর্জনের দিকে এগিয়ে যাওয়ার কাজকে উপকৃত করবে, যার মধ্যে দেশের প্রথম জরুরি অবস্থার প্রস্তুতি, হোমল্যান্ড সিকিউরিটি ও সাইবার নিরাপত্তা বিষয়ক কলেজ অন্তর্ভুক্ত রয়েছে। ETEC থেকে বেরিয়ে আসা ফলাফল দেখার জন্য আমি রোমাঞ্চিত বোধ করছি এবং আমি আশা রাখি নিউ ইয়র্ক স্টেট সরকারের কাছাকাছি অবস্থান করার ফলে এটি শুধু আলবানির অধিবাসীদের নয়, বরং স্টেট ও দেশব্যাপী আমাদের প্রতিবেশীদের জীবনকে উন্নত করতে সাহায্য করবে এমন নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন করতে সক্ষম হবে।"

আলবানি বিশ্ববিদ্যালয়ের পরিচিতি

একটি সমন্বিত পাবলিক গবেষণা বিশ্ববিদ্যালয় হিসেবে আলবানি বিশ্ববিদ্যালয়-SUNY 120টিরও বেশি আন্ডারগ্র্যাজুয়েট মেজর ও মাইনর এবং 125টি মাস্টার্স, ডক্টরাল ও গ্র্যাজুয়েট সার্টিফিকেট প্রোগ্রাম অফার করে থাকে। UAlbany সমৃদ্ধ অভিজ্ঞতা সম্পন্ন অভিজ্ঞ শিক্ষকদের অধীনে বায়ুমণ্ডলীয় ও পরিবেশগত বিজ্ঞান, ব্যবসা, শিক্ষা, জনস্বাস্থ্য, স্বাস্থ্য বিজ্ঞান, ক্রিমিনাল জাস্টিস, জরুরি অবস্থার প্রস্তুতি, প্রকৌশল ও ফলিত বিজ্ঞান, ইনফরমেটিক্স, লোক প্রশাসন, সমাজ কল্যাণ ও সমাজতত্ত্ব, ইত্যাদি বিষয়ে শিক্ষাদানের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের সব কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে নেতৃত্বের অবস্থানে রয়েছে। এছাড়াও এটি আলবানি ল স্কুলের সাথে অ্যাফিলিয়েশনের মাধ্যমে শিক্ষার্থীদের জন্য একাডেমিক ও গবেষণা বিষয়ে বিস্তৃত সুযোগ প্রদান করে থাকে। দেশের-বাইরে অধ্যয়নের 600টি সুযোগ দ্বারা সমৃদ্ধ পাঠ্যক্রমের মাধ্যমে UAlbany চমৎকার ক্যারিয়ারের সূচনা করে দেয়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন